খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, ট্যুইটার এবং ইন্সটাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI
# খবর সোজাসুজি

RNI NO.WBBEN/2023/87806 (Govt. Of India)

EDITOR - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র

খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-3 ● Issue- 13 ● Bardhaman ● 15 December 2025 ● Rs. 2.00 ( Four Pages ) ● Mobile - 9434566498

## এক নজরে

● খবর সোজাসুজি'র উদ্যোগে ১৮ জানুয়ারি রবিবার শিপতাই হাইস্কুলে আয়োজিত হতে চলেছে অঙ্কন ও আলপনা প্রতিযোগিতা, সঙ্গে থাকছে আলোচনা সভা,যেমন খুশি তেমন সাজো প্রতিযোগিতা এবং গান ও নাচের অনুষ্ঠান।১১ জানুয়ারির মধ্যে নাম লেখাতে হবে।অঙ্কন প্রতিযোগিতার ক্ষেত্রে এন্ট্রি ফি ৫০ টাকা,যেমন খুশি তেমন সাজো প্রতিযোগিতার ক্ষেত্রে এন্ট্রি ফি এক জন হলে ৫০ টাকা,টিম (সর্বাধিক ৩ জন)হলে ১০০ টাকা।নাম নথিভুক্ত করতে হোয়াটস অ্যাপ করুন - ৯৪৩৪৫৬৬৪৯৮

● খবর সোজাসুজি'র উদ্যোগে শুরু হয়েছে অনলাইন হাতের লেখা,সঙ্গীত,নৃত্য,আবৃত্তি ও রিলস প্রতিযোগিতা,চলবে ২৫ ডিসেম্বর পর্যন্ত।বিশদ জানতে হোয়াটস অ্যাপ করুন - ৯৪৩৪৫৬৬৪৯৮

● আপনার সন্তানের জন্য ইংরেজির প্রাইভেট টিচার খুঁজছেন ? খানপুর এবং গোহালদহ ব্যাচে নতুন শিক্ষা বর্ষে ভর্তির জন্য আজই যোগাযোগ করুন (কেবলমাত্র ইংরেজি - পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত),হোয়াটস অ্যাপ - ০৯৪৩৪৫ ৬৬৪৯৮

● শুভেন্দু অধিকারীর হাত ধরে বিজেপিতে যোগ দিলেন প্রাক্তন পুলিশ আধিকারিক বঙ্কিম বিশ্বাস।

● জিও নেটওয়ার্কের তো একদম মরণাপন্ন অবস্থা ! রিচার্জের খরচ বাড়লেও পরিষেবার মান একদম তলানিতে।নামেই ফোরজি ফাইভজি,স্পিড টুজি থ্রিজি'র থেকেও খারাপ !

● "এই বাংলায় যে সুর্পনখা আছে, এই নাক কান কাটা সুর্পনখার হাত থেকে আমাদের মুক্তি চাই", নারায়ণপুরে বিজেপির পরিবর্তন সভা থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে নিশানা করে তীব্র আক্রমণ করলেন জামালপুরের বিজেপি নেতা পল্লব কুমার রায়।

● "ছাব্বিশে বিজেপি সরকার হবে,নিশ্চিত থাকুন।কোনো কেউ আটকাতে পারবে না এবারের পরিবর্তন,"নারায়ণপুরে অনুষ্ঠিত বিজেপির পরিবর্তন সভা থেকে হুঁশিয়ারি দিলেন জামালপুরের

(এরপর চারের পাতায়)

## বৈধ ভোটারের নাম বাদ গেলে বিজেপি নেতাদের বাড়ি ঘেরাওয়ের হুঁশিয়ারি অসীমার

নিজস্ব প্রতিবেদন - ১০০ দিনের কাজ চালু করার দাবিতে এবং




এসআইআরের নামে এনআরসি চালু করার প্রতিবাদে দশঘরা ১ নং অঞ্চল তৃণমূল কংগ্রেসের উদ্যোগে শুক্রবার ব্যাসপুর জয় জয়ন্তী ক্লাবের কাছ থেকে দেধাড়া নেতাজি সুপার মার্কেট পর্যন্ত অনুষ্ঠিত হল তৃণমূলের প্রতিবাদ মিছিল এবং মিছিল শেষে দেধাড়া নেতাজি সুপার মার্কেট প্রাঙ্গনে অনুষ্ঠিত হল তৃণমূলের প্রতিবাদ সভা। উপস্থিত ছিলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র, ধনেখালি ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি সৌমেন ঘোষ সহ অন্যান্য নেতৃবৃন্দ।এদিনের সভা থেকে এসআইআর ইস্যুতে কেন্দ্রীয় সরকার এবং নির্বাচন কমিশনকে নিশানা করে তীব্র আক্রমণ করলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র।নির্বাচন কমিশনকে কটাক্ষ করে অসীম পাত্র বলেন,"সার্টিফিকেট না দেখালে যদি নির্বাচন কমিশন সন্তুষ্ট না হন, জ্ঞানেশবাবু যদি সন্তুষ্ট না হন,আর জ্ঞানেশবাবু যদি নরেন্দ্র মোদীকে

(এরপর দুয়ের পাতায়)



সমস্ত স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধি এবং ইআরও'দের নিয়ে এসআইআর সহ একাধিক ইস্যুতে ডিএম অফিসে বৃহস্পতিবার বৈঠক করলেন পূর্ব বর্ধমানের জেলা শাসক আয়েষা রানি এ। উপস্থিত ছিলেন স্পেশাল রোল অবজারভার কৃষ্ণ কুমার নিরালা।



"তৃণমূলের চুরি সংস্কৃতির আর একটা নমুনা আজকে। তৃণমূল চোর সবাই জানে। শেষে মেসিকেও চুরি করলো। মেসির নাম করে কোটি কোটি টাকা লুট করলো", শনিবার বলাগড়ে বিজেপির পরিবর্তন সংকল্প সভায় সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে মেসি কান্ডে বিস্ফোরক মন্তব্য করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

## মশাগ্রামে ইন্দিরা গান্ধী ও রাজীব গান্ধীর স্মৃতি সৌধ ভাঙার প্রতিবাদে সরব কংগ্রেস

নিজস্ব সংবাদদাতা - জামালপুর ব্লকের মশাগ্রাম প্রাণেশ্বরতলায় ইন্দিরা গান্ধী ও



রাজীব গান্ধীর স্মৃতি সৌধ ভাঙার অভিযোগ,প্রতিবাদে পথে নামল কংগ্রেস।গত সোমবার মশাগ্রাম প্রাণেশ্বরতলায় হল কংগ্রেসের প্রতিবাদ সভা।স্মৃতি সৌধের জায়গায় হনুমান মন্দির করার জন্য কয়েক দিন আগে ইন্দিরা গান্ধী ও রাজীব গান্ধীর স্মৃতি সৌধ ভাঙা হয়েছে বলে অভিযোগ।অভিযোগের তীর বিজেপির দিকে।মশাগ্রাম প্রাণেশ্বরতলায় পুনরায় ইন্দিরা গান্ধী ও রাজীব গান্ধীর স্মৃতি সৌধ নির্মাণের দাবিতে সরব হল কংগ্রেস নেতৃত্ব।উপস্থিত ছিলেন ছিলেন জামালপুর ব্লক কংগ্রেস সভাপতি সৌজন্য ঘোষ,পূর্ব বর্ধমান জেলা আইএনটিইউসি সভাপতি গৌরব সমাদ্দার, সাধারণ সম্পাদক পরাগ সিংহ সহ অন্যান্য নেতৃবৃন্দ।

## ১০০ দিনের কাজের দাবিতে পথে বামেরা

নিজস্ব সংবাদদাতা - আদালতের রায় মেনে অবিলম্বে রাজ্যে ১০০ দিনের কাজ



চালু করার দাবিতে সিপিআই(এম এল)লিবারেশন এবং সিপিএমের কৃষি মজুর সংগঠনে যৌথ নেতৃত্বে ধনেখালি মদনমোহন তলায় বুধবার সংগঠিত হল প্রতীকী পথ অবরোধ কর্মসূচি। উপস্থিত ছিলেন সিপিএম নেত্রী বন্যা টুডু,সিপিআই লিবারেশনের রাজ্য নেতা সজল অধিকারী সহ অন্যান্য নেতৃবৃন্দ।

## বর্ধমানে জব ফেয়ার এবং অ্যাপ্রেন্টিসশিপ মেলা

নিজস্ব প্রতিবেদন - আইটিআই, পলিটেকনিক,ভিটিসি,




পিবিএসএসডি এবং অন্যান্য সার্টিফাইট প্রার্থীদের জন্য পশ্চিমবঙ্গ সরকারের টেকনিক্যাল এডুকেশন ট্রেনিং এবং স্কিল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের

(এরপর দুয়ের পাতায়)

## ভয়াবহ দূষণের কবলে ঘিয়া নদী

নিজস্ব প্রতিবেদন - ভয়াবহ দূষণের কবলে ঘিয়া নদী।নদীতে পড়ছে দুর্গাপুর



এক্সপ্রেসওয়ের ধারে গড়ে ওঠা

(এরপর দুয়ের পাতায়)

# খবর সোজাসুজি

Volume-3 ● Issue- 13 ● 15 December, 2025


## ধর্ম নিয়ে রাজনীতি

সময়টা বড় অস্থির। সাম্প্রদায়িকতার বিষ বাষ্পে ঢাকছে বাংলার আকাশ বাতাস। কর্মসংস্থান চুলোয় যাক,মন্দির মসজিদ নিয়েই সবাই ব্যস্ত এখন। চলছে গীতা আর কোরান পাঠের প্রতিযোগিতা।পাঁচ লক্ষ কণ্ঠে গীতা পাঠের পাল্টা এক লক্ষ কণ্ঠে কোরান পাঠের ঘোষণা ! হচ্ছে বেশ ভালো।শিল্প কারখানা না হোক,বাটি হাতে রাস্তায় বসার ব্যবস্থাটা হচ্ছে। হাতে কাজ না থাকলে বেকার শিক্ষিত ছেলে মেয়েরা করবেটাই বা কি ? নতুন নতুন শিল্প কারখানা না হলে,কর্ম সংস্থানের সুযোগ না থাকলে মন্দির মসজিদের সামনে বাটি হাতে বসা ছাড়া তো আর উপায় নেই। পেট তো আর কথা শুনবে না ! রাজনীতির কারবারিদের বেকার শিক্ষিত ছেলে মেয়েদের কথা ভাবার সময় কোথায় ! রাজনীতির কারবারিরা নিজেদের আখের গোছাতেই ব্যস্ত। আর এসবের থেকে দৃষ্টি ঘোরাতেই ধর্ম নিয়ে মাতামাতি,মন্দির মসজিদের রাজনীতি। গীতা আর কোরান পাঠের প্রতিযোগিতা।সবই রাজনীতি। যেকোনো ভাবে মানুষকে মাতিয়ে রাখার কৌশল।মানুষের দৈনন্দিন জীবনের সমস্যা গুলো আলোচনা না করে খুব সচেতনভাবে চলছে ধর্মীয় মেরুকরণের কাজ। হিন্দু-মুসলিম ছাড়া যেন রাজ্যের আর কোনো সমস্যা নেই।একদিকে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম আকাশছোঁয়া,অন্যদিকে বেকারের সংখ্যা দিন দিন বাড়ছে। রাজ্যে ১০০ দিনের কাজ নেই। কৃষকের ফসলের দাম নেই।এসব নিয়ে কারো কোনো কথা নেই। শুধু হিন্দু মুসলিম ! সচেতনভাবে হিন্দু মুসলিম বিভেদ সৃষ্টি করার চেষ্টা হচ্ছে। কে কি খাবে তাও ঠিক করে দেওয়ার যেন ঠিকা নিয়েছে এক শ্রেণীর রাজনীতির কারবারিরা। আর তারই ফলশ্রুতিতে চিকেন প্যাটিস বিক্রি করার অপরাধে আজ বাংলার মাটিতে মার খাচ্ছে বাঙালি ব্যবসায়ী। এটা তো রাজস্থান,উত্তর প্রদেশ,বিহার কিংবা গুজরাট নয়,এটা পশ্চিমবঙ্গ।রবীন্দ্র নজরুলের বাংলা। সম্প্রীতির বাংলা।আর এই সম্প্রীতির বাংলায় চিকেন প্যাটিস বিক্রি করার অপরাধে গরিব মুসলিম বাঙালি বিক্রেতাকে মারধর করা হচ্ছে। এরা কারা ? ধর্মান্ধ তালিবান কিংবা উগ্র মৌলবাদী শক্তির সঙ্গে এদের পার্থক্য কোথায় ? এত সাহস এরা পায় কোথা থেকে ? বাংলাকে কি গুজরাট,উত্তর প্রদেশ,হরিয়ানা কিংবা রাজস্থান বানাতে চাইছেন ? গীতা পাঠের দিন বিগ্রেড মাঠের সামনে চিকেন প্যাটিস বিক্রির অপরাধে গরিব মুসলিম প্যাটিস বিক্রেতাকে মারধর করে ফেলে দেওয়া হল তার মালপত্র।তাকে বাধ্য করা হল কান ধরে উঠবস করতে। এত অসহিষ্ণুতা কেন ? এটা তো কখনো কোনো প্রকৃত ধার্মিক ব্যক্তির কাজ হতে পারে না। গীতা তো এ শিক্ষা দেয় না। প্যাটিস বিক্রেতাকে অন্যত্র সরে যেতে বললেই তো পারতেন ? গরিবের পেটে লাথি মারার কি দরকার ছিল ? ধর্ম নিয়ে এত বাড়াবাড়ি কখনোই কাম্য নয়।

## ভয়াবহ দূষণের কবলে


(প্রথম পাতার পর)

কলকারখানার দূষিত জল। পাল্টে গেছে নদীর জলের রঙ,কোথাও কালো,কোথাও লাল।ঘিয়া নদী গুড়াপ ও ধনেখালি থানার মধ্যে দিয়ে এসে দাদপুর ও সিঙ্গুর থানা এলাকার মধ্যে দিয়ে বয়ে গেছে।গুড়াপের রোহিয়ার কাছ থেকে শুরু নদী দূষণ। যত সামনের দিকে এগিয়ে আসছে বাড়ছে দূষণের মাত্রা।সংস্কারের অভাবে রুদ্ধ হচ্ছে গতি। নির্বিকার প্রশাসন।মুখেই নদী বাঁচাও স্লোগান,বাস্তব চিত্র কিন্তু আলাদা।

## জব ফেয়ার এবং অ্যাপ্রেন্টিসশিপ মেলা

(প্রথম পাতার পর)

উদ্যোগে বর্ধমান আইটিআই ফর উইমেন কলেজে সোমবার ৮ ডিসেম্বর অনুষ্ঠিত হল জব ফেয়ার এবং অ্যাপ্রেন্টিসশিপ মেলা। মোট ১৫৫ জন ক্যান্ডিডেট আজকের মেলায় অংশ গ্রহণ করেছিল। বিভিন্ন কোম্পানির দ্বারা ৮৩ জন ক্যান্ডিডেট সিলেক্টেড হয়েছে বলে জেলা প্রশাসন সূত্রে জানা গেছে। ১৬ টা কোম্পানি এদিনের এই জব ফেয়ারে অংশ গ্রহণ করেছিল।এদিন ৪৯ টা অফার লেটার দেওয়া হয়েছে বলে জানা গেছে।




শিপতাই মহুলা সতীরঞ্জন বিদ্যামন্দিরের প্রধান শিক্ষক কুন্তল চট্টোপাধ্যায়ের হাতে খবর সোজাসুজি পত্রিকার শারদীয় উৎসব সংখ্যা তুলে দিলেন খবর সোজাসুজি পত্রিকার সম্পাদক ইসরাইল মল্লিক।

## বৈধ ভোটারের নাম

(প্রথম পাতার পর)

আর অমিত শাহকে সন্তুষ্ট করতে না পারেন আপনাদের ভোটার লিস্টে নাম তুলবে না।” বিজেপিকে চরম হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, “ধনেখালিতে যদি একটাও বৈধ ভোটারের নাম বাদ যায় তাহলে ধনেখালির একটাও বিজেপি নেতা শান্তিতে থাকতে পারবে না, প্রত্যেকের বাড়ি ঘেরাও হবে।”

# বিশ্ব মানবাধিকার দিবস - ভারতের আদর্শের সামনে বর্তমান সময়ের পরীক্ষা

পীযূষ সিংহ রায়

প্রতি বছর ১০ ডিসেম্বর বিশ্বজুড়ে পালিত হয় মানবাধিকার দিবস।১৯৪৮ সালে গৃহীত সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রকে স্মরণ করেই এই দিনটি পালিত হয়।এর মূল বার্তা হলো - প্রতিটি মানুষের মর্যাদা,সমতা ও স্বাধীনতা জন্মগত অধিকার, কোনো সরকারের দয়া নয়।ভারতের মতো বহুত্ববাদী গণতান্ত্রিক দেশে এই দিনটির তাৎপর্য বিশেষ।এটি যেমন সংবিধানের আদর্শ উদযাপন, তেমনি বাস্তব জীবনের চ্যালেঞ্জগুলোর প্রতিফলনও।

**সংক্ষিপ্ত ইতিহাস ও প্রেক্ষাপট**

মানবাধিকার দিবস প্রথম পালিত হয় ১৯৫০ সালে। ভারত জাতিসংঘের প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে বিশ্ব মানবাধিকার আলোচনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। দেশের সংবিধানেও মৌলিক অধিকারগুলো - আইনের সামনে সমতা,মতপ্রকাশের স্বাধীনতা,ন্যায়বিচারের অধিকার গণতন্ত্রের ভিত্তি হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। তবুও প্রশ্ন থেকে যায় এই অধিকারগুলো বাস্তবে কতটা রক্ষা করা হচ্ছে ?

**ভারতের বর্তমান পরিস্থিতি**

২০২৫ সালে ভারতের মানবাধিকার পরিস্থিতি মিশ্র চিত্র তুলে ধরছে -

● সংখ্যালঘু অধিকার -
দেশের সাম্প্রদায়িক সহিংসতায় হাজার হাজার মানুষ বাস্তুচ্যুত হয়েছে।

● মতপ্রকাশের স্বাধীনতা - বিশ্ব সূচকে ভারতের অবস্থান দুর্বল; সাংবাদিকরা নানা বাধা ও ভয়ের মুখে কাজ করছেন।

● **পরিবেশগত ন্যায়বিচার** - পরিবেশ দূষণ ও জলের সংকট কোটি মানুষের জীবন ও স্বাস্থ্যকে হুমকির মুখে ফেলছে।

● **বিচারব্যবস্থা** - আদালত প্রায়ই নাগরিক অধিকার রক্ষায় এগিয়ে আসে, তবে মামলার জট ও বিলম্ব বড় সমস্যা।

**ভারতের জন্য মানবাধিকার দিবসের তাৎপর্য**

● এটি মনে করিয়ে দেয় যে অধিকার কোনো বিশেষ সুবিধা নয়,বরং সংবিধানের প্রতিশ্রুতি।

● নীতিনির্ধারকদের বাস্তবতার সঙ্গে আদর্শের ফারাক কমাতে বাধ্য করে।

● আন্তর্জাতিক অঙ্গনে ভারতের ভাবমূর্তি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

**প্রয়োগ ও বাস্তবতা**

● আইনি কাঠামো - ১৯৯৩ সালের মানবাধিকার সুরক্ষা আইন জাতীয় মানবাধিকার কমিশনকে ক্ষমতা দিয়েছে।

● সিভিল সোসাইটি - এনজিও ও কর্মীরা জাতপাত, লিঙ্গবৈষম্য ও ডিজিটাল অধিকার নিয়ে সচেতনতা বাড়াচ্ছেন।

● পরিবেশ অধিকার - পরিষ্কার বাতাস ও জল কে মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দেওয়ার দাবি জোরদার হচ্ছে।

● মিডিয়া ও সচেতনতা - সাংবাদিক ও মানবাধিকার রক্ষাকারীরা সেন্সরশিপের বিরুদ্ধে লড়াই করছেন।

ভারতে মানবাধিকার দিবস কেবল আনুষ্ঠানিকতা নয়, এটি একটি কর্মের আহ্বান। বর্তমান বাস্তবতা।সাম্প্রদায়িক **সহিংসতা থেকে পরিবেশ সংকট** - আমাদের মনে করিয়ে দেয় যে সংবিধানের প্রতিশ্রুতি বাস্তবে রূপ দিতে হবে। ভারতের সংবিধান এই অধিকারগুলোকে ভিত্তি করে গড়ে উঠেছে।কিন্তু বাস্তবতা কি সেই প্রতিশ্রুতির সঙ্গে মেলে ? সাম্প্রতিক ঘটনাগুলো ভিন্ন ছবি দেখাচ্ছে। পুলিশ প্রশাসন এবং সাংবাদিকরা স্বাধীনভাবে কাজ করতে পারছেন না,পরিবেশ দূষণে কোটি মানুষের জীবন হুমকির মুখে।আদালত প্রায়ই নাগরিক অধিকার রক্ষায় এগিয়ে আসে,কিন্তু মামলার জট ন্যায়বিচারকে বিলম্বিত করছে। মানবাধিকার দিবস আমাদের সামনে তাই কঠিন প্রশ্ন তোলে - আমরা কি সত্যিই সংবিধানের আদর্শকে জীবনে রূপ দিতে পেরেছি ? উত্তর মিশ্র।তবে এই দিন আমাদের নতুন করে অঙ্গীকার করার সুযোগ দেয় - দেশের সংখ্যালঘুদের সুরক্ষা,মতপ্রকাশের স্বাধীনতা,পরিবেশের অধিকার ও দ্রুত ন্যায়বিচার নিশ্চিত করা। ভারতের শক্তি তার বৈচিত্র্য ও গণতান্ত্রিক চেতনা।সেই শক্তিকে কাজে লাগিয়ে যদি আমরা ন্যায়, সমতা ও মর্যাদার প্রতি অঙ্গীকার পুনর্নবীকরণ করি, তবে মানবাধিকার কেবল কাগজে লেখা আদর্শ নয়,প্রতিটি নাগরিকের জীবনের বাস্তব অভিজ্ঞতা হয়ে উঠবে।

## খুনে অভিযুক্ত ৪ জনকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল আদালত

নিজস্ব সংবাদদাতা - কালনায় আগ্নেয়াস্ত্র দিয়ে হত্যা করার দায়ে ৪ জনকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল আদালত।পুলিশ সূত্রে জানা গেছে, ২০১৭ সালের ৩ই এপ্রিল,কিছু মহিলা কালনা থানা এলাকার কল্যাণপুর গ্রামে কাজ করতে গিয়ে দেখতে পান যে একটি অজ্ঞাত মৃতদেহ মাঠে পড়ে আছে।এই তথ্য পাওয়ার পর অভিযোগকারী ও পুলিশ ঘটনাস্থলে পৌঁছান এবং দেখেন মৃতদেহটি গুলিবিদ্ধ এবং রক্তাক্ত অবস্থায় পড়ে রয়েছে।কোনও দুর্বৃত্তরা আগ্নেয়াস্ত্র দিয়ে হত্যা করেছে।কালনা থানায় নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে একটি মামলা করা হয় এবং মামলার তদন্তকারী অফিসার এস.আই. দিগ্বিজয় নন্দী ঘটনার সঙ্গে জড়িত চারজন অভিযুক্তকে গ্রেফতার করেন এবং সুদক্ষ হাতে তদন্ত শেষ করে আদালতে চার্জশীট জমা করেন।২৯ নভেম্বর অতিরিক্ত জেলা ও দায়রা জজ কোর্ট কালনা এই মামলার রায় জারি করেন এবং চার (০৪) অভিযুক্তকে যাবজ্জীবন কারাদণ্ড এবং প্রত্যেককে ১০,০০০ টাকা জরিমানা এবং অনাদায়ে অতিরিক্ত ৬ মাসের সাজা ঘোষণা করেন বিচারক।

## সিঙ্গুর থানার তৎপরতায় ভেস্তে গেল ডাকাতির ছক,আগ্নেয়াস্ত্র সহ ধৃত ৪

নিজস্ব সংবাদদাতা - সিঙ্গুর থানার তৎপরতায় ভেস্তে গেল ডাকাতির ছক।আগ্নেয়াস্ত্র সহ ৪ দুষ্কৃতীকে গ্রেফতার করল পুলিশ।পুলিশ সূত্রে জানা গেছে,৩০ নভেম্বর রাতে সিঙ্গুর থানার নাইট আরটি অফিসার এসআই দীপক কান্তি দত্ত ও তাঁর দল নসিবপুর দেশপাড়া পাম্প সংলগ্ন এলাকায় টহল দিচ্ছিলেন। সেই সময় একটি মারুতি ওমনি গাড়িকে (WB52P4806) সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করতে দেখা যায়। পুলিশ গাড়িটিকে আটক করে এবং তল্লাশি চালায়।তল্লাশিতে উদ্ধার হয় দুটি দেশি পাইপগান,দুই রাউন্ড গুলি এবং একটি লোহার ভোজালি।৪ জনকে আটক করে পুলিশ। ধৃতদের নাম রাজ কুমার মাহাতো (৪৮), বিশাল কুমার (১৯), গুলশন কুমার (২৫) এবং রাকেশ কুমার (২৬)।ধৃতরা সকলেই বিহারের নওয়াদা জেলার বাসিন্দা। পুলিশি জিজ্ঞাসাবাদে ধৃতরা স্বীকার করেছে তারা ওই এলাকায় ডাকাতির উদ্দেশ্যেই জড়ো হয়েছিল। পুলিশ সূত্রে আরও জানা গেছে, উপেন্দ্র যাদব নামে তাদের আরও এক সঙ্গী ছিল, যে পুলিশের ধাওয়া করার সময় ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।তার বাড়িও বিহারের নওয়াদা জেলায়।ধৃতদের বিরুদ্ধে সিঙ্গুর থানায় নির্দিষ্ট



ধারায় (Singur PS Case No. 655/25) এবং অস্ত্র আইনে মামলা রুজু করা হয়েছে। ধৃত চারজনকেই সোমবার ১ ডিসেম্বর চন্দননগর এসিজেএম (ACJM) আদালতে পেশ করা হলে বিচারক তাদের ৭ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।পলাতক সঙ্গীর খোঁজ পেতে এবং এই চক্রের সঙ্গে আর কেউ জড়িত আছে কি না,তা খতিয়ে দেখতে পুরো ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# জানুয়ারিতেই গঙ্গাসাগর সেতুর শিলান্যাস



অরিজিত চক্রবর্তী - নতুন বছরেই গঙ্গাসাগর সেতুর কাজ শুরু হচ্ছে।মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী মাসে এই সেতু তৈরির কাজের শিলান্যাস করবেন।সাগর মেলার আগে ফি বছরের মতো তিনি জানুয়ারিতে গঙ্গাসাগর যাচ্ছেন।সে সময়ই প্রস্তাবিত সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন হবে।মুড়িগঙ্গা নদীর ওপর লট আট ও কচুবেরিয়ার মধ্যে সংযোগকারী এই সেতু তৈরির জন্য খরচ ধরা হয়েছে আনুমানিক ১৭০০ কোটি টাকা।শেষ হতে সময় লাগবে প্রায় দু'বছর।এর জন্য দরপত্র চূড়ান্ত হয়েছে। প্রাথমিক কাজও শেষ।সাগরবাসীর এই সেতুর দাবি দীর্ঘদিনের।রাজ্যে বিধানসভা ভোটের আগে এই কর্মকাণ্ড দক্ষিণ চব্বিশ পরগনা জেলা রাজনীতিতে এক বড় প্রভাব ফেলতে চলেছে।বিধানসভা ভোটের আগে গঙ্গাসাগর মেলার প্রস্তুতির কাজ চলছে পুরোদমে।মেলা নির্বিঘ্নে শেষ করতে জেলা প্রশাসনের পাশাপাশি মুখ্যসচিব মনোজ পন্থও প্রস্তুতি বৈঠক করেছেন।মুখ্যমন্ত্রী সম্প্রতি নবান্নে রাজ্যে সরকারের প্রায় ১৫ বছরের কাজের রিপোর্ট কার্ড প্রকাশ করেছেন। 'উন্নয়নের পাঁচালী'তে সরকারের বিভিন্ন বিভাগের নানান কর্মকাণ্ডের কথা বলা হয়েছে।ভোটের আগে বিজেপি যখন এ রাজ্য হিন্দু কার্ড খেলার চেষ্টা করছে তখন মুখ্যমন্ত্রী সুকৌশলে নানান জায়গায় মন্দির তৈরির কথা বলেছেন।এর মধ্যে উল্লেখযোগ্য শিলিগুড়িতে মহাকাল মন্দির,নিউ টাউনে দুর্গা অঙ্গন।এ ছাড়াও কালীঘাট - দক্ষিণেশ্বরে স্কাই ওয়াক। ধর্মীয় পর্যটন সার্কিটের পাশাপাশি নানা জায়গায় পর্যটন পরিকাঠামো গড়ে তোলার কথাও জানিয়েছেন। সাফল্যের খতিয়ান তুলে ধরার পাশাপাশি মুখ্যমন্ত্রী বলেন, নির্বাচনের কাজ চললেও জেলায় জেলায় উন্নয়নের কাজও চালিয়ে যেতে হবে সমান গতিতে । উন্নয়নের কাজের তদারকিতে জেলায় জেলায় পর্যবেক্ষক দল পাঠানোর কথাও জানান। মুখ্যসচিব মনোজ পন্থকে নির্দেশ দিয়েছেন একটি মনিটরিং টিম গঠনের।উন্নয়নের কাজে বিশেষ দক্ষতার সংশ্লিষ্ট সরকারি কর্মীকে পুরস্কৃত করার কথাও ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী।

# আগ্নেয়াস্ত্র নিয়ে হামলার ঘটনায় গ্রেফতার ২



নিজস্ব সংবাদদাতা - মুর্শিদাবাদের খড়গ্রাম থানা এলাকায় আগ্নেয়াস্ত্র নিয়ে হামলার ঘটনায় ২ জনকে গ্রেফতার করল পুলিশ।পুলিশ সূত্রে জানা গেছে, ৯ই ডিসেম্বর, ২০২৫ খড়গ্রাম থানা এলাকায় একটি হামলার ঘটনা ঘটে,যেখানে খড়গ্রাম থানার কুরাপাড়া গ্রামের আলাবক্স শেখ ওরফে ভুডু এবং তার সহযোগীরা তেজাপাড়া গ্রামের আজু শেখকে হত্যার উদ্দেশ্যে আগ্নেয়াস্ত্র ও বোমা ব্যবহার করে হামলা চালায় বলে অভিযোগ।এ ঘটনায় নির্দিষ্ট মামলা রুজু করে পুলিশ।ঘটনায় জড়িত থাকার অভিযোগে ২ জন অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। ধৃতরা হল আলাবক্স শেখ ওরফে ভুডু এবং কমরুল শেখ।হেফাজতে থাকার সময় তাদের কাছ থেকে একটি দেশি তৈরি লোহার ৭ মি.মি পিস্তল,তিন রাউন্ড গুলি,তিনটি খালি কার্তুজ এবং বোমার অবশিষ্টাংশ উদ্ধার করে পুলিশ।

# গাঁজার বিরুদ্ধে বলাগড় থানার জোরদার অভিযান



নিজস্ব সংবাদদাতা - গুপ্তিপাড়ার চরকৃষ্ণবাটি গ্রাম পঞ্চায়েত এলাকার চর সংলগ্ন অংশে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ গাঁজা নষ্ট করল বলাগড় থানার পুলিশ।গোপন সূত্রে খবর পেয়ে সোমবার ১ ডিসেম্বর ডিএসপি ক্রাইম অভিজিৎ সিনহা মহাপাত্র, সি আই মগরা সৌমেন বিশ্বাস,বলাগড় থানার ভারপ্রাপ্ত আধিকারিক সোমদেব পাত্র ও গুপ্তিপাড়া ফাঁড়ি ইনচার্জ প্রীতম সিং এর নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী গাঁজা চাষের বিরুদ্ধে বড়সড় অভিযানে পৌঁছে যায় চরকৃষ্ণবাটি পঞ্চায়েতের বেনেলীর চর,শক্তিপুর, ছোলারডাঙ্গা, ফুলতলা এলাকায়। গ্রামের অনেক ভিতরের দিকে কিছু বাড়ি ও চাষ জমি থাকার সুযোগে বিভিন্ন ফসলের মাঝে মাঝে দীর্ঘদিন ধরেই প্রশাসনের নজর এড়িয়ে গাঁজা চাষ চলছিল বলে অভিযোগ।এদিন টানা প্রায় চার ঘন্টা অভিযান চালিয়ে বিভিন্ন বাড়ির আঙিনা, ঝোপঝাড়, পরিত্যক্ত জায়গা,চাষ জমি ও বিভিন্ন লুকোনো জায়গা থেকে বিপুল পরিমাণ গাঁজা গাছ কেটে নষ্ট করল পুলিশ।গাঁজা চাষে কারা যুক্ত তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ।

# শিপতাই হাইস্কুলে মিড ডে মিলে বাজিমাত



নিজস্ব প্রতিবেদন - পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের শিপতাই হাইস্কুলে মিড ডে মিলে মাছ মাংস লেগেই আছে।শুক্রবার বিদ্যালয়ে গিয়ে দেখা গেল মিড ডে মিলে মাংস ভাত।আনন্দ সহকারে খাচ্ছে ছেলে মেয়েরা।মিড ডে মিলের দায়িত্ব প্রাপ্ত বিদ্যালয়ের ইতিহাসের শিক্ষক মুন্সীবাবু জানালেন,শুধু পরীক্ষার দিনে নয়,সারা বছরই মিড ডে মিলে পড়ুয়াদের পাতে পড়ে মাছ মাংস ডিম।ডিম তো সপ্তাহে তিন চারদিন হয়ই।বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুন্তলবাবুর তত্ত্বাবধানে আর মুন্সীবাবুর মুন্সীয়ানায় ভালো ভাবেই চলছে শিপতাই হাইস্কুলের মিড ডে মিল।সহযোগিতায় তো অন্যান্য শিক্ষক শিক্ষিকারা আছেনই।অভিভাবক সূত্রে জানা গেছে,পড়ুয়ারাদের মিড ডে মিল খাওয়ানোর জন্য পাখি পড়ানো করেন মুন্সীবাবু।বাবা বাছা করে গায়ে মাথায় হাত বুলিয়ে যেকোনো প্রকারে বাচ্চাদের মিড ডে মিল খাওয়ানোই মূল লক্ষ্য।মাছ মাংস হলে তো আর কথাই নেই।বার বার পড়ুয়াদের খাওয়ার জন্য ক্লাসে ক্লাসে ঘুরে ঘুরে বলা,আজ মাংস হবে,মাছ হবে,খা না বাবা ! যে দু'চারজন ছেলে মেয়ে সচরাচর স্কুলে মিড ডে মিল খায় না তারাও স্যারের আবেদনে সাড়া না দিয়ে পারে না।সফল হয় স্যারের প্রয়াস।বিদ্যালয়ে দুপুরে দরকারে কোনো অভিভাবক গেলে তাকেও মিড ডে মিল খাবার জন্য আবেদন জানান মুন্সীবাবু।আর রাঁধুনি দিদিরাও পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে খুব সুন্দর রান্না করেন।ছাত্র ছাত্রীদের দুপুরে পুষ্টিকর খাবার তুলে দিতে পেরে সন্তুষ্ট হন সকলে।



হুগলি জেলা গ্রামোন্নয়ন শাখা ও আনন্দধারা জেলা কার্যালয়ের উদ্যোগে চন্দননগরে আয়োজিত সৃষ্টিশ্রী মেলা শুভ উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী বেচারাম মান্না।

# শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে মানবাধিকার রক্ষায় সভা




নিজস্ব সংবাদদাতা - পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক নাগরিক মঞ্চ, পিইউসিএল এবং বিভিন্ন মানবাধিকার রক্ষার সংগঠনের উদ্যোগে বুধবার ১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষ্যে শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে অনুষ্ঠিত হল মানবাধিকার সংক্রান্ত আলোচনা সভা।আয়োজকদের বক্তব্য,মানবাধিকার কেবল শব্দ নয়, প্রতিটি নাগরিকের শ্বাস।দ বক্তাদের অভিযোগ,দমন, গ্রেপ্তার, মিথ্যা মামলা, বাকস্বাধীনতা ক্ষুণ্ণ এবং প্রান্তিক মানুষের অধিকার লঙ্ঘনের ঘটনা ক্রমাগত বেড়েই চলেছে। সভায় বক্তারা বলেন, শিক্ষা,স্বাস্থ্য, মর্যাদা, নিরাপত্তা এবং মত প্রকাশের স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার ইন্টারনেট এবং প্রযুক্তি আজ তথ্যের অধিকার বৃদ্ধির সুযোগ এনে দিয়েছে ঠিকই, কিন্তু একই সঙ্গে নজরদারি এবং কণ্ঠরোধের ঝুঁকিও তৈরি করেছে। তাই মানুষের অধিকারের প্রশ্নে আরও সচেতনতা আজ জরুরি। আয়োজকদের দাবি,মানবাধিকার লঙ্ঘনের প্রতিটি ঘটনার নিরপেক্ষ তদন্ত, নাগরিকদের বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহার, মতপ্রকাশের স্বাধীনতা রক্ষা এবং প্রান্তিক মানুষদের জন্য রাষ্ট্রীয় নিরাপত্তা ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করা।সংগঠনগুলি ঘোষণা করেছে, আগামী দিনে শহর ও জেলার বিভিন্ন স্থানে মানবাধিকার বিষয়ে গণসচেতনতা অভিযান চালানো হবে। তারা সকল নাগরিককে আহ্বান জানিয়েছেন, "ভয় নয়, প্রতিবাদের পথে হেঁটে মানবাধিকার রক্ষা করুন।"

# অসহায় মানুষের পাশে মেহেমুদ খাঁন



নিজস্ব প্রতিবেদন - আবারও মেহেমুদ খাঁনের মানবিক মুখ দেখলো জামালপুরের মানুষ।এই প্রচন্ড শীতে একটু উষ্ণতার ছোঁয়া দিতে সাহাপুর,ধুলুক,পাঁচড়া, মহিন্দর,নবগ্রাম প্রভৃতি এলাকার সহায় সম্বলহীন মানুষদের গায়ে জড়িয়ে দিলেন চাদর ও কম্বল।জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতিকে কাছে পেয়ে দুহাত ভরে আশির্বাদ করলেন এই অসহায় মানুষগুলো।

KHABOR SOJASUJI
RNI.NO.WBBEN/2023/87806

# জামালপুর তরুণ সংঘের মাঠে অনুষ্ঠিত হল জয় জোহার কাপ

নিজস্ব সংবাদদাতা - জামালপুর সেলিমাবাদ তরুণ সংঘের মাঠে সম্প্রতি অনুষ্ঠিত হল বর্ধমান সদর দক্ষিণ মহকুমা স্তরীয় ফুটবল প্রতিযোগিতা জয় জোহার কাপ ।উপস্থিত ছিলেন বর্ধমান সদর দক্ষিণ মহকুমা শাসক বুদ্ধদেব পান, জামালপুরের বিডিও পার্থ সারথি দে,জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি তথা জামালপুর পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ মেহেমুদ খাঁন,মেমারি ১ নং ব্লকের বিডিও শতরূপা বিশ্বাস,মেমারির বিধায়ক মধূসুদন ভট্টাচার্য সহ অন্যান্য বিশিষ্ট



ব্যক্তিবর্গ।সাব ডিভিশনের ৬ টি ব্লক খেলায় অংশ গ্রহণ করে। ফাইনালে ওঠে জামালপুর ও রায়না ১ ব্লক। জামালপুরকে ট্রাইব্রেকারে হারিয়ে বিজয়ী হয় রায়না ১ ব্লক।

# ১০০ টাকার জন্য খুন ! অভিযুক্ত যুগলকে যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ দিল চুঁচুড়া আদালত

নিজস্ব সংবাদদাতা - মাত্র ১০০ টাকার জন্য খুন ! ৭ বছর মামলা চলার পর অভিযুক্ত যুগলকে মঙ্গলবার ২ ডিসেম্বর যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ দিল চুঁচুড়া আদালত ।৭ বছর আগে মাত্র ১০০ টাকার জন্য বচসা অশান্তির জেরে ইট দিয়ে থেঁতলে মহম্মদ আনোয়ার (২৩)নামে এক যুবককে খুনের ঘটনায় কৃষ্ণ বাউল দাস ও লক্ষ্মী রায়কে এদিন দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন সাজা ও আর্থিক জরিমানা অনাদায়ে ১ বছরের হাজত বাসের নির্দেশ দিল আদালত ।এদিন চুঁচুড়া আদালতের অতিরিক্ত জেলা দায়রা বিচারক সঞ্জয় কুমার শর্মা এই নির্দেশ দেন ।আদালতের নির্দেশের পরেই এজলাসে কান্নায় ভেঙে পড়ে সাজাপ্রাপ্ত যুগল ।পুলিশ সূত্রে জানা গেছে, ২০১৯ সালের ৭ জুন ভোর রাতে মহম্মদ আনোয়ারকে বাড়ি থেকে ডেকে আনে লক্ষ্মী রায় ।ওই সময় লক্ষ্মীর সঙ্গে কৃষ্ণও ছিল ।আনোয়ারের কাছে পাওনা ১০০ টাকা ফেরত চায় লক্ষ্মী ।তখন আনোয়ার বলে আমার কাছে টাকা নেই ।এই নিয়ে তাদের মধ্যে ঝামেলা অশান্তি শুরু হয় ।তখন আক্রোশের বশে হাতের সামনে পড়ে থাকা আধলা ইট দিয়ে কৃষ্ণ মহম্মদ আনোয়ারকে মাথায় আঘাত করে ।থেঁতলে খুন করে আনোয়ারের দেহ ফেলে রেখে চম্পট দেয় ।মগরা থানার টহলদারী ভ্যান রাস্তার পাশে আনোয়ারের দেহ পড়ে থাকতে দেখে মগরা থানায় খবর দেয় ।পুলিশ এসে দেহ উদ্ধার করে ময়না তদন্তের পর নিশ্চিত হয় আনোয়ারকে খুন করা হয়েছে ।পরদিন আনোয়ারের মামা রঞ্জিত সাউ মগরা থানায় কৃষ্ণ ও লক্ষ্মীর নামে খুনের অভিযোগ দায়ের করে ।ঘটনার তদন্তকারী অফিসার ছিলেন গৌতম মণ্ডল। এ বিষয়ে সরকারি আইনজীবী সুব্রত ভট্টাচার্য বলেন, "পরিকল্পিত ভাবে আনোয়ারকে খুন করা হয় ।মামলায় মোট ২৪ জন স্বাক্ষী দেয়।" মামলার মুখ্য সরকারি আইনজীবী শঙ্কর গঙ্গ্যোপাধ্যায় বলেন, "পুলিশ ও আইন বিভাগ দারুন কাজ করেছে ।পুলিশ ঠিক সময়ে চার্জশিট জমা দিয়েছে বলেই অভিযুক্তরা সাজা পেয়েছে।" হুগলি গ্রামীণ পুলিশের সুপার কামনাশিস সেন বলেন, "যে কোনো অপরাধের কিনারা পুলিশ করে। দোষীরা সাজাও পায় ।পর পর বেশ কয়েকটি বড় বড় অপরাধে আদালত অপরাধীদের সাজা দিয়েছে। তার মধ্যে অনেকগুলি সংগঠিত অপরাধ ছিল।"




শুক্রবার ধনেখালি বিধানসভার খাজুরদহ মেলকি গ্রাম পঞ্চায়েতের শিবপুর ১৮৪ নং বুথ এবং খাজুরদহ ১৭৩ নং বুথ পরিদর্শন করলেন স্পেশাল রোল অবজারভার কৃষ্ণ কুমার নিরালা।



এসআইআর এনুমারেশন ফর্ম সংক্রান্ত বিষয়ে কালনা পৌরসভা এবং কালনা ২ নং ব্লকের ভোটারদের বাড়িতে হাজির পূর্ব বর্ধমানের রোল অবজারভার স্মিতা পান্ডে।




হরিপালে ভ্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্রের শুভ সূচনা করলেন রাজ্যের মন্ত্রী বেচারাম মান্না।

## এক নজরে

(প্রথম পাতার পর)
বিজেপি নেতা ছোটন বৈদ্য।

- কবে দেবে এগারো ক্লাসের ছেলে মেয়েদের ট্যাব/মোবাইল কেনার টাকা ? বছর তো শেষ হতে চললো ! তরুণের স্বপ্ন কি স্বপ্নই থেকে যাবে ? উঠছে প্রশ্ন।
- বাবরি মসজিদ নির্মাণ বিতর্কে ভরতপুরের বিধায়ক হুমায়ূন কবিরকে দল থেকে সাসপেন্ড করল তৃণমূল ।দল বিরোধী কাজের অভিযোগে সাসপেন্ড।
- "তৃণমূলের সাসপেনশন আর গরুর গাড়ির হেড লাইট,দুটোই একই ব্যাপার",কটাক্ষ সুজন চক্রবর্তীর।
- শান্তির বার্তা ছড়িয়ে দিতে দীর্ঘ প্রায় ৩২ বছর পর আবারও হুগলিতে হতে চলেছে বিশ্ব ইজতেমা ।শান্তির বাণী শুনতে হুগলির পুইনানে ২-৪ জানুয়ারি সমবেত হবেন লক্ষ লক্ষ মানুষ। জোর কদমে চলছে প্রস্তুতি।
- বর্ধমান থেকে হাওড়া লোকাল ট্রেনে ঘন্টা তিনেকের যাত্রা পথ। কিন্তু ট্রেনে নেই কোনো টয়লেটের ব্যবস্থা ।সাধারণ লোকাল ট্রেনেও তো টয়লেট থাকা আবশ্যিক,তাই না ?
- টাকার দামে রেকর্ড পতন ।ডলারের তুলনায় ব্যাপক কমল টাকার দাম ।ভারতের মতো উন্নয়নশীল দেশের অর্থনৈতিক স্বাস্থ্যের পক্ষে এটা মোটেই সুখকর নয়।
- ২০২৭ সাল থেকে শুরু হবে জনগণনার কাজ। নিয়ম মেনে প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদেদ্দ জনগণনার কাজে নিয়োগ করা হবে বলে জানিয়ে দিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক।
- প্রাথমিকে ৩২ হাজার প্রাথমিক শিক্ষকের চাকরি বহাল রাখল আদালত ।অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের রায় খারিজ করল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ।
- ৩০ মার্চ থেকে শুরু হচ্ছে গুড়াপ বইমেলা।
- "প্রধানমন্ত্রী হলেন পলিটিক্যাল সায়েন্সে এমএ ।আজ পর্যন্ত কাগজ দেখাতে পারলেন না ।গরিব মানুষকে কাগজ দেখিয়ে ওদেরকে সন্তুষ্ট করতে হবে", বিস্ফোরক সুজন চক্রবর্তী।
- কোথাও বিদ্যাসাগরের মূর্তি ভাঙছে,কোথাও ইন্দিরা গান্ধী এবং রাজীব গান্ধীর স্মৃতি সৌধ ভাঙছে ।এরা কারা ? ধর্মান্ধ তালিবান কিংবা উগ্র মৌলবাদী শক্তির সঙ্গে এদের তফাৎ কোথায় ?
- বাবরি মসজিদের শিলান্যাস অনুষ্ঠানেও ঠকবাজি ! মেদিনীপুরের দুই ব্যক্তিকে সৌদি আরবের হুজুর সাহেব বলে চালিয়ে দেওয়ার অভিযোগ ।চক্রান্তের গন্ধ পাচ্ছেন হুমায়ুন।
- রাজ্য সরকার তো কর্মশ্রী প্রকল্প চালু করেছে ।কিন্তু কাজটা হচ্ছে কোথায় ? কাজটা করছে কারা ? কর্মশ্রী প্রকল্পে আপনার এলাকায় বাস্তবে কতজন জব কার্ড হোল্ডার কাজ পেয়েছেন ? উঠছে প্রশ্ন।
- ওয়াকফ আর ওবিসি নিয়ে অনেকটাই ব্যাকফুটে রাজ্য সরকার ।ওয়াকফ নিয়ে দিল্লিতে গিয়ে আন্দোলন করার নিদান ভালোভাবে নেয়নি মুসলিম সমাজ ।ক্ষুব্ধ মুসলিম সমাজ।
- সিভিক ভলেন্টিয়ারদের স্থায়ী করার ব্যবস্থা করুক সরকার ।মাইনে বাড়ুক সিভিকদের ।সুপ্রীম কোর্টের নির্দেশ মোতাবেক সিভিক ভলেন্টিয়ারদেরও দেওয়া হোক সমকাজে সমবেতন।
- শিক্ষা,স্বাস্থ্য,কর্মসংস্থান চুলোয় যাক,রাজনীতির কারবারিরা এখন ধর্ম নিয়ে ব্যস্ত ।কে কতবড় ধার্মিক তা প্রমাণ করতেই ব্যস্ত ।মূল সমস্যা থেকে মানুষের দৃষ্টি অন্য দিকে ঘুরিয়ে দেওয়ার চেষ্টা।
- "যারা বলতো মমতা বাংলার গর্ব,আজকে তারা বলছে মমতা বাংলার গর্ত", মেসি কান্ডে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে নিশানা করে তীব্র কটাক্ষ করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।
- মেসি কান্ডে রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস এবং সুজিত বসুর গ্রেফতারি দাবি করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।
- "তৃণমূলের চুরি সংস্কৃতির আর একটা নমুনা আজকে ।তৃণমূল চোর সবাই জানে ।শেষে মেসিকেও চুরি করলো ।মেসির নাম করে কোটি কোটি টাকা লুট করলো", বলাগড়ে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে মেসি কান্ডে বিস্ফোরক মন্তব্য করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

# বিজেপির পরিবর্তন সভা জামালপুরে

নিজস্ব প্রতিবেদন - জামালপুর ব্লকের জাড়গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত নারায়ণপুরে শুক্রবার ৫ ডিসেম্বর অনুষ্ঠিত হল বিজেপির পরিবর্তন সভা ।উপস্থিত ছিলেন বিজেপির কাটোয়া সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদক সৌমেন হাজরা, ছোটন বৈদ্য,অসীম শীল,রতন দে,পল্লব কুমার রায় সহ অন্যান্য নেতৃবৃন্দ।পরিবর্তন সভা থেকে একাধিক ইস্যুতে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও তৃণমূল কংগ্রেসকে নিশানা করে তীব্র আক্রমণ করেন বিজেপি নেতৃত্ব। তৃণমূলকে হুঁশিয়ারি দিয়ে জামালপুরের বিজেপি নেতা ছোটন বৈদ্য বলেন,"ছাব্বিশে বিজেপি সরকার হবে,নিশ্চিত থাকুন। কোনো কেউ আটকাতে পারবে না এবারের পরিবর্তন।" মুখ্যমন্ত্রী




মমতা ব্যানার্জিকে নিশানা করে বিজেপি নেতা পল্লব কুমার রায় বলেন,"এই বাংলায় যে সুর্পনখা আছে,এই নাক কান কাটা সুর্পনখার হাত থেকে আমাদের মুক্তি চাই।" নারায়ণপুরের পরিবর্তন সভা থেকে ছাব্বিশের নির্বাচনে রাজ্যে সরকারের পরিবর্তনের ডাক দেন বিজেপি নেতৃত্ব।

Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com